APR. 02 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# বুয়েটে তথ্য প্রযুক্তি সাংবাদিকতা বিষয়ক কর্মশালা সমাপ্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বুয়েটে দুই দিনব্যাপী তথ্য প্রযুক্তি সাংবাদিকতা বিষয়ক কর্মশালা শনিবার শেষ হয়। কর্মশালায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৭০জন শিক্ষার্থী অংশ নেন। বুয়েট সাংবাদিক সমিতি এবং কম্পিউটার টুমরো আয়োজনে কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রফেসর ড. জয়নুল আবেদীনের সভাপতিত্বে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি ড. আর আই শরীফ, ড. চৌধুরী মফিজুর রহমান, সাংবাদিক আবির হাসান প্রমুখ বক্তব্য রাখেন। কর্মশালাতে বিভিন্ন কম্পিউটার ম্যাগাজিনের এবং দৈনিকের আই টি বিভাগের সম্পাদকগণও বক্তব্য রাখেন। মোট ৬টি সেশনে তথ্য প্রযুক্তি বিষয়ক রিপোর্টিং বাংলাদেশের তথ্য প্রযুক্তি এবং মিডিয়ায় ইহার প্রতিফলন, তথ্য প্রযুক্তি বাণিজ্যিক কর্মকান্ড, পণ্য, শিক্ষা ও প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের সনদপত্র দেওয়া হয়।